

## কারা অধিদপ্তর আভ্যন্তরীণ সংবাদ প্রবাহ-৪

(১৬ জানুয়ারি ২০২৫ হতে ৩১ জানুয়ারি ২০২৫)

১। ২৬/০১/২০২৫ তারিখ বেলা ১০:০০ ঘটিকায় ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ এ লেফটেন্যান্ট জেনারেল জনাব মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী(অবঃ) মাননীয় উপদেষ্টা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় কারাগারের জরুরী সেবা (Hot line) নম্বর ০৯৬১২ শুভ উদ্বোধন করেন। উক্ত (Hot line) নম্বর এর মাধ্যমে কারাগারে অন্তরীণ যে কোন বন্দি সম্পর্কে বন্দির অবস্থান, হাজিরার তারিখ, সাক্ষাতের তারিখ, ফোনের কথা বলার তারিখ, শারীরিক অবস্থা, প্যারোলে মুক্তি ও অভিযোগ/পরামর্শ সম্পর্কিত তথ্য জানতে পারবেন। উক্ত জরুরী সেবা (Hot line) উদ্বোধনের মাধ্যমে কারাগারের নতুন একটি ধারা সংযোজিত হয়েছে।



২। বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন কর্তৃক কারা অধিদপ্তরের ব্যবহৃত তরঙ্গ ও বেতার যন্ত্রপাতির বার্ষিক ফিস ও চার্জ ২০২৫ সাল হতে ৯০% মওকুফ করা হয়েছে। এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা গ্রহণ করায় কারা মহাপরিদর্শক কর্তৃক ডেপুটি জেলার জনাব মোঃ ফয়েজ-উর-রহমানকে Letter of Appreciation প্রদান করা হয়েছে। এ প্রশংসার মাধ্যমে কর্মঠ ও মেধাবী কর্মকর্তা-কর্মচারী আরোও অনুপ্রাণিত হবেন মর্মে ধারণা করা হয়।



৩। বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে ফিজিক্যাল ফিটনেস ট্রেনিং-১৯ এবং Drill Instructor Course (Female-5) কোর্স সাফল্যের সাথে সম্পন্ন করায় কারা অধিদপ্তর হতে কারারক্ষী নং-০০৫৯৫ মোঃ জাবেদ হোসেন, মহিলা কারারক্ষী নং-১৫৫৮২ রিমা আক্তার ও মহিলা কারারক্ষী নং-০৬৩৬৯ শিউলি আক্তারকে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে পুরস্কার/সম্মানী হিসেবে প্রদান করা হয়েছে।

বাংলাদেশ সেনাবাহিনীর অধীনে কারারক্ষী নং-৩৩০২৯ শাহীন আলমকে আনআর্মড কম্ব্যাট কোর্স (ইউএসসি)-৪২, কারারক্ষী নং-২৩৪০৮ মোঃ নাজমুল হাসানকে ফিজিক্যাল ফিটনেস (পিএফটিসি) কোর্স-২১ ও কারারক্ষী নং-১৪৭৬৪ মোঃ আরিফুর রহমানকে আদার আর্মস সিগন্যাল এন্ড আইটি কোর্স (এনিসিও/ওআর)-৫১ এর জন্য মনোনয়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে মনোনয়নের ক্ষেত্রে চৌকস, মেধাবী ও সুশৃঙ্খল কর্মচারীদেরকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। এ প্রশিক্ষণের ধারাবাহিকতা পরবর্তীতেও অব্যাহত থাকবে।

৪। ২৮/০১/২০২৫ তারিখ কারা মহাপরিদর্শক বিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি মহোদয় সিলেট কেন্দ্রীয় কারাগার-১ ও মেট্রোপলিটন কারাগার পরিদর্শন করেন। পরিদর্শন কালে মেট্রোপলিটন কারাগারের পুকুর উন্নয়ন, ভাঙ্গা ওয়াল দ্রুত মেরামত, ব্যারাক সংস্কার, অফিস বড় করার পরামর্শসহ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।



৫। ২৫/০১/২০২৫ তারিখ দিনব্যাপী সাতক্ষীরা জেলা কারাগারে কর্মকর্তা-কর্মচারী ও পরিবার-পরিজনের অংশগ্রহণে ২০২৫ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা/খেলাধুলা, সাংস্কৃতিক অনুষ্ঠান, পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও প্রীতিভোজের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানের মাধ্যমে কারাগারে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের বিনোদন, মানসিক ও শরীর চর্চার বিকাশ ঘটবে বলে ধারণা করা হয়। এ ধরনের কর্মসূচী গ্রহণের জন্য কারা মহাপরিদর্শক মহোদয় সাতক্ষীরা জেলা কারাগারের সকল কর্মকর্তা-কর্মচারীকে ধন্যবাদ জানিয়েছেন।



৬। মৌলভীবাজার জেলা কারাগারে কারা ফটকের সামনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগিতায় কারা কর্মকর্তা-কর্মচারীদের অগ্নি নির্বাপনের মহড়া অনুষ্ঠিত হয়েছে। উক্ত মহড়ার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের কিভাবে অগ্নি নির্বাপন করা যাবে সে সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এ ধরনের উদ্যোগ গ্রহণের জন্য কারা মহাপরিদর্শক মহোদয় মৌলভীবাজার জেলা কারাগার এর কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেছেন।



৭। বিভাগ বদলী কর্মচারীদের আচার-আচরণ, দায়িত্ব ও কর্তব্যের মান মনিটরিংয়ের অংশ হিসেবে জানুয়ারি/২০২৫ মাসের প্রতিবেদনে লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ কর্মচারীর আচরণ সন্তোষজনক হলেও এখনো কিছু কিছু কর্মচারীর আচরণ অসন্তোষজনক পরিলক্ষিত হয়েছে, যা অনাকাঙ্ক্ষিত এবং তাদেরকে সংযত হবার পরামর্শ দেয়া যাচ্ছে। যথাযথভাবে শৃঙ্খলাপূর্ণ ও দায়িত্ববোধের সাথে কর্তব্য পালনের জন্য সকলকে আহ্বান করা হলো।

উক্ত বিষয়সমূহ সকল পর্যায়ে সদস্যদের জ্ঞাতার্থে রোলকল/দরবারে পড়ে শুনানোর জন্য অনুরোধ করা হলো।



বাংলাদেশ জেল